

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৪.০০৮.১৬- ২৯


তারিখঃ ০৯/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সমূহের প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড়ের বিষয়ে সেবা সহজীকরণের অংশ হিসেবে এফডি-৬ এনজিও বিষয়ক ব্যুরোতে ০৯ সেটের পরিবর্তে ৬ সেট দাখিল করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনগণের দোড়গোড়ায় সেবা প্রদান নিশ্চিত করণের লক্ষ্যে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ ও তাদের আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের অন্ততঃ একটি সেবা সহজীকরণের কার্যক্রম গ্রহণ করেছে। এ কার্যক্রমের ধারাবাহিকতায় এনজিও বিষয়ক ব্যুরো বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সমূহের প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড়ের বিষয়ে সেবা সহজীকরণের অংশ হিসেবে এফডি-৬ এখন হতে ০৯ সেটের পরিবর্তে ০৬ সেট ব্যুরোর মহাপরিচালকের দপ্তরে দাখিল করতে হবে।

০২। বিদ্যমান পদ্ধতিতে স্বেচ্ছাসেবী (এনজিও) সংস্থাকে এফডি-৬ ০৯ সেট দাখিল করতে হয়। এতে করে নথির কলেবর বৃদ্ধিসহ সময় ও অর্থের অপচয় হয়। এক্ষেত্রে এফডি-৬ ০৯ সেটের পরিবর্তে ০৬ সেট প্রদান করা হলে সময় ও অর্থের সাশ্রয় হবে।

০৩। এমতাবস্থায়, সেবা সহজীকরণের অংশ হিসেবে সকল স্বেচ্ছাসেবী (এনজিও) সংস্থাকে এফডি-৬ ০৯ সেটের পরিবর্তে ০৬ সেট ব্যুরোতে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ শেখাবুর রহমান)
উপ-পরিচালক (সাঃ)
ফোনঃ ৯৫৬২৮৪১।

.....
.....
.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। ডাঃ মোঃ জুলফিকার আলী, পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ, ঢাকা।
- ৩। পরিচালক (নিবন্ধন)/পরিচালক (প্র-১/২), উপ-পরিচালক (সাঃ)/উপ-পরিচালক (পওনি), সহকারী পরিচালক (১/২), এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৪। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৫। অফিস কপি